

2019/EVEN/BNGP-201/107

স্নাতক যুগ্ম বাৎসরিক পরীক্ষা, ২০১৯

বাংলা  
( ঐচ্ছিক )  
( দ্বিতীয় বাৎসরিক )



পাঠক্রম নং : BNGP-201

[ বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) এবং ছন্দ ও অলংকার ]

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘন্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

১। (ক) প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম কী ছিল? তাঁর লিখিত উপন্যাসের নাম কী? প্যারীচাঁদ তাঁর রচনার মাধ্যমে বাংলা সাহিত্যে যে অবদান রেখে গেছেন, সে সম্পর্কে আলোচনা করো।

১+১+১২=১৪

অথবা

(খ) ফোর্ট উইলিয়াম কলেজের প্রতিষ্ঠাতা কে? কলেজটি কবে প্রতিষ্ঠিত হয়? এই কলেজে বাংলা ও সংস্কৃত বিষয়ের প্রধান পণ্ডিতরূপে কাকে নিযুক্তি দেওয়া হয়েছিল? বাংলা গদ্যের ক্রমবিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান নিয়ে আলোচনা করো।

১+১+১+১১=১৪

J9/2000

( Turn Over )

অথবা

- (গ) গিরিশ ঘোষ প্রবর্তিত ছন্দটির নাম কী? এই নাট্যকারের লেখা দুটি ঐতিহাসিক নাটকের নাম উল্লেখ করো। বাংলা নাটকে গিরিশ ঘোষের অবদান নিয়ে আলোচনা করো।

$$১+২+১১=১৪$$

- ২। (ক) মাইকেল মধুসূদন দত্তের পরবর্তী মহাকাব্য রচনার প্রয়াস করেছেন, এমন দুজন কবির নাম লেখো। মধুসূদন রচিত মহাকাব্যটির সর্গ সংখ্যা কত? কাব্য বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

$$২+১+১১=১৪$$

অথবা

- (খ) ছোটগল্পের সংজ্ঞা উল্লেখপূর্বক ছোটগল্পকার রবীন্দ্রনাথের বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করো।

$$৪+১০=১৪$$

অথবা

- (গ) বঙ্কিমচন্দ্রের লেখা যে কোনো দুটি বাংলা প্রবন্ধ গ্রন্থের নাম উল্লেখ করো এবং প্রবন্ধ সাহিত্যে তাঁর অবদানের স্বরূপ নির্ণয় করো।

$$২+১২=১৪$$

- ৩। (ক) ধ্বনিপ্রধান ছন্দের সংজ্ঞা নির্দেশ করে উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলো লিপিবদ্ধ করো।

$$৩+৯=১২$$

অথবা

- (খ) ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো দুটি) :

$$৬ \times ২ = ১২$$

- (১) হাজার বছর ধরে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে  
সিংহল সমুদ্র থেকে নিশীথের অন্ধকারে মালয় সাগরে।

- (২) নোটন নোটন পায়রাগুলো ঝোটন বেঁধেছে  
ঐ পারেতে ছেলেমেয়ে নাইতে নেমেছে  
কে দেখেছে কে দেখেছে দাদা দেখেছে  
দাদার হাতে কলম ছিল ছুঁড়ে মেরেছে।
- (৩) রূপ লাগি আঁখি বুঝে গুণে মন ভোর  
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।
- (৪) চিরসুখী জন ভ্রমে কি কখন  
ব্যথিত-বেদন বুঝিতে পারে  
কি যাতনা বিষে বুঝিবে সে কিসে  
কড়ু আশী বিষে দংশেনি যারে।

৪। (ক) যে কোনো দুটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ  
করো :

৫×২=১০

অনুপ্রাস ; শ্লেষ ; রূপক ; নিশ্চয় ; সমাসোক্তি ;  
সন্দেহ।

অথবা

(খ) অলংকার নির্ণয় করো (যে কোনো দুটি) :

৫×২=১০

- (১) রজনীগন্ধা বাস বিলালো  
সজনি সন্ধ্যা আসবি না লো ?
- (২) পদতলে, আহা মরি, সুবর্ণ দেউটি  
তুলসীর মূলে যেন ঝলিল
- (৩) পাইয়া চরণতরি তরি ভবে আশা
- (৪) নগর পুড়িলে কি দেবালয় এড়ায় ?

\*\*\*